প্রথম আলো

তারিখ 30 JUN 2009
পৃষ্ঠা ৭ কলাম ৬

# পাঠ্যবইসংক্রান্ত কার্যক্রম তদারক করতে জেলা ও উপজেলা কমিটি গঠন

নিজস্ব প্রতিবেদক ●

২০১০ সালের প্রাথমিক, এবতেদায়ি ও মাধ্যমিক স্তরে বিনামূল্যের পাঠ্যবই পরিবহন, গুদামজাত ও বিতরণের কাজ তদারকের জন্য প্রতিটি জেলা ও উপজেলায় কমিটি গঠন করা হয়েছে। গতকাল সোমবার সরকার ওই কমিটি গঠন করে।

জানা যায়, প্রতিটি জেলা প্রশাসকের নেতৃত্বে থাকবে ১৪ সদস্যের কমিটি। এর সদস্য হবেন জেলার সব উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা প্রশাসক মনোনীত মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, স্থানীয় [illegible] সাংবাদিক [illegible] আইনজীবী, শিক্ষানুরাগী ও সমাজসেবক। কমিটির সদস্যসচিব হবেন জেলা শিক্ষা কর্মকর্তা।

এছাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে নয় সদস্যের কমিটি তদারকির কাজে নিয়োজিত থাকবেন।